**(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)**
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শারীরিক শিক্ষা বিভাগ
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১১২.৫৭.২২.১৫/২৪৪২(৬৪)

তারিখ : ১৫ মাঘ, ১৪৩১ বঙ্গাব্দ
২৯ জানুয়ারি, ২০২৫ খ্রিষ্টাব্দ

**বিষয়:** প্রতিভাবান ক্ষুদে ক্রিকেটারদের সন্ধানে বাংলাদেশ (পিকেসিএসবিডি) 'ক্রিকেট ট্যালেন্ট হান্ট-২য় পর্ব ২০২৫' প্রতিযোগিতা সুষ্ঠুভাবে বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র: Talent Sports Ltd-এর স্মারক নং- টিএসএল-সিএইচও-পিকেসিএসবিডি-২০২৫/১০; তারিখ: ১৪/০১/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রতিভাবান ক্ষুদে ক্রিকেটারদের সন্ধানে বাংলাদেশ (পিকেসিএসবিডি) 'ক্রিকেট ট্যালেন্ট হান্ট-২য় পর্ব ২০২৫' প্রতিযোগিতা সুষ্ঠুভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় সহায়তার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**বি:দ্র:** উল্লিখিত কার্যক্রম মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের শারীরিক শিক্ষা বিভাগ মনিটরিং করবে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং অংশগ্রহণকারী প্রতিযোগীদের কোনরূপ আর্থিক সংশ্লেষ থাকবে না।

**সংযুক্তি : বর্ণনামতে (১-৩ পাতা)**

২৯/০১/২০২৫

**(মো: শহিদুল ইসলাম)**
উপপরিচালক, শারীরিক শিক্ষা
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
ফোন: ০২-৪১০৫০৪৪৮

**জেলা শিক্ষা অফিসার (সকল)**

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়/মনিটরিং এন্ড ইভালুয়েশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
৫। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা এবং সকল মহানগর।
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই.এম. আই.এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (মাউশির ওয়েব সাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ)।
৭। ব্যবস্থাপনা পরিচালক, Talent Sports Limited, এভিনিউ-৬, রোড-৬, প্লট ৪৮৬/এ, ডিওএইচএস, মিরপুর, ঢাকা-১২১৬।
৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৯। সংরক্ষণ নথি।

## সংযুক্তি (১)

### (নিবন্ধন কার্যক্রম) জেলা শিক্ষা অফিসের করণীয়:

ক) জেলা শিক্ষা অফিসার তাঁর আওতাধীন সকল উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসারদের নিয়ে সমন্বয় সভা করবেন। ট্যালেন্ট হান্ট-২য় পর্ব'২০২৫ প্রতিযোগিতায় স্কুল ও কলেজ থেকে আগ্রহী শিক্ষার্থীদের অনলাইনে নিবন্ধন কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন। অনলাইনে প্রতিযোগীদের নিবন্ধন কার্যক্রম চলাকালীন সময়ে অধীনস্থ সকল উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসের সাথে নিয়মিত যোগাযোগ রাখবেন।

### (নিবন্ধন কার্যক্রম) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসের করণীয়:

ক) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার তাঁর আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের উপস্থিতিতে বা অনলাইনে সমন্বয় সভা করবেন। ট্যালেন্ট হান্ট-২য় পর্ব'২০২৫ প্রতিযোগিতায় স্কুল ও কলেজ থেকে আগ্রহী ছাত্রদের অনলাইনে নিবন্ধন কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন। অনলাইনে প্রতিযোগীদের নিবন্ধন কার্যক্রম চলাকালীন সময়ে অধীনস্থ প্রতিষ্ঠান প্রধানদের সাথে নিয়মিত যোগাযোগ রাখবেন।

### (নিবন্ধন কার্যক্রম) শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের করণীয়:

ক) প্রতিটি স্কুল/কলেজে ক্রিকেট টিম তৈরির লক্ষ্যে এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পর্যায়ে ক্রিকেট খেলায় সুদূরপ্রসারী সুফল পেতে ট্যালেন্ট হান্ট প্রতিযোগিতায় অংশগ্রহণ করার জন্য প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান তাঁর অধীনস্থ শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করবেন।

খ) ষষ্ঠ, সপ্তম শ্রেণি = গ্রুপ এ, অষ্টম - দশম শ্রেণি = গ্রুপ বি, একাদশ, দ্বাদশ শ্রেণি = গ্রুপ সি। (এ, বি, সি) প্রতিটি গ্রুপে সর্বনিম্ন ১১ জন প্রতিযোগীকে অনলাইন নিবন্ধনে অন্তর্ভুক্ত করবেন।

গ) অনলাইনে নিবন্ধনের সময়: **২০ এপ্রিল ২০২৫ রবিবার থেকে ২৯ এপ্রিল ২০২৫ মঙ্গলবার পর্যন্ত** অনলাইনে নিবন্ধন করা যাবে।

১। যথাযথ নিয়ম ও পদ্ধতি অনুসরণ করে অনলাইনে নিবন্ধন করা যাবে (শুধুমাত্র ছাত্র)। ওয়েবসাইট: www.pkcsbdcricket.com

২। প্রতিযোগী নিজের অথবা অভিভাবকের মোবাইল নম্বর দিয়ে নিবন্ধন করতে হবে। উল্লেখ্য, একটি মোবাইল নম্বর দিয়ে শুধুমাত্র একজন প্রতিযোগীর নিবন্ধন করা যাবে। উল্লিখিত ওয়েবসাইটে এই মোবাইল নম্বরটি প্রতিযোগীর লগিন নম্বর হিসেবে গৃহীত হবে। প্রতিযোগিতায় উত্তীর্ণ হওয়ার তথ্য উক্ত মোবাইল নম্বরে PKCSBD থেকে SMS এর মাধ্যমে জানানো হবে।

৩। নিবন্ধন সম্পন্ন হলে ওয়েবসাইটে প্রতিযোগীর ড্যাশবোর্ডে থাকা প্লেয়ার এডমিট কার্ড, স্টেডিয়ামে এন্ট্রি টিকেট, অংশগ্রহণমূলক সার্টিফিকেট ডাউনলোড ও প্রিন্ট করে নিতে হবে। উক্ত কপিগুলো প্রতিযোগীকে বাছাইয়ের দিন সঙ্গে আনতে হবে।

৪। নিবন্ধন কার্যক্রমে সহযোগিতা পেতে হোয়াটসঅ্যাপ এবং মোবাইল নম্বর: ঢাকা বিভাগের জন্য: ০১৯৯১-৯৯১৭০১, চট্টগ্রাম বিভাগের জন্য: ০১৯৯১-৯৯১৭০২, ময়মনসিংহ বিভাগের জন্য: ০১৯৯১-৯৯১৭০৩, বরিশাল বিভাগের জন্য: ০১৯৯১-৯৯১৭০৪, খুলনা বিভাগের জন্য: ০১৯৯১-৯৯১৭০৫, সিলেট বিভাগের জন্য: ০১৯৯১-৯৯১৭০৬, রাজশাহী বিভাগের জন্য: ০১৯৯১-৯৯১৭০৭, রংপুর বিভাগের জন্য: ০১৯৯১-৯৯১৭০৮।

ঘ) (স্কুল/কলেজ ভিত্তিক) নিবন্ধনকৃত প্রতিযোগিদের তালিকা প্রেরণ: অনলাইনে নিবন্ধনকৃতদের (প্লেয়ারের গ্রুপ, প্লেয়ারের নাম, অনলাইন থেকে প্রাপ্ত প্লেয়ার আইডি নম্বর) তথ্যগুলো উল্লেখপূর্বক (এ,বি,সি) গ্রুপ ভিত্তিক তালিকা ছক আকারে প্রস্তুত করে শিক্ষা প্রতিষ্ঠানের EIIN নম্বর সম্বলিত প্যাডে প্রিন্ট করতে হবে। প্রিন্ট কপিতে প্রতিষ্ঠান প্রধান সিল ও স্বাক্ষর প্রদান করবেন। স্বাক্ষরিত প্রিন্ট কপি পিডিএফ ফরমেটে প্রস্তুত করে **৩০ এপ্রিল ২০২৫ খ্রি. বুধবার** তারিখের মধ্যে উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসের মেইলে, জেলা শিক্ষা অফিসের মেইলে, প্রতিযোগিতা বাস্তবায়নকারী প্রতিষ্ঠানের মেইলে contact.pkcsbd@gmail.com প্রেরণ করবেন।

| সংযুক্ত হওয়ার মাধ্যম | সার্চ অপশন |
|---|---|
| Google | PKCSBD |
| Facebook | PKCSBD |
| YouTube | PKCSBD |
| Website | www.pkcsbdcricket.com |
| E-mail | contact.pkcsbd@gmail.com |
| Hot Line | 01901466000 |

## সংযুক্তি (২)

### (জেলা লেভেল বাছাই কার্যক্রম) জেলা শিক্ষা অফিসের করণীয়:

**জেলা বাছাই কমিটি:**

১। আহবায়ক - জেলা শিক্ষা অফিসার
২। সদস্য - উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)
৩। সদস্য সচিব - মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক (আহবায়ক কর্তৃক মনোনীত)

**বিচারক প্যানেল: (বিচারক প্যানেলের সদস্যগণ আহবায়ক কর্তৃক মনোনীত হবেন)**
১। বিচারক-১: ব্যাটিং বিষয়ে দক্ষ একজন সাবেক ক্রিকেটার/অভিজ্ঞ ক্রিকেট কোচ (সংশ্লিষ্ট এলাকার)
২। বিচারক-২: বোলিং বিষয়ে দক্ষ একজন সাবেক ক্রিকেটার/অভিজ্ঞ ক্রিকেট কোচ (সংশ্লিষ্ট এলাকার)
৩। বিচারক-৩: উইকেট কিপিং বিষয়ে দক্ষ একজন সাবেক ক্রিকেটার/অভিজ্ঞ ক্রিকেট কোচ (সংশ্লিষ্ট এলাকার)

**ক) জেলা লেভেল বাছাই:** জেলা শিক্ষা অফিসার তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের নিবন্ধনকৃত প্রতিযোগীদের নিয়ে ১১-১৪ মে ২০২৫ খ্রি. তারিখের মধ্যে স্ব-স্ব জেলায় তিন কার্যদিবসে বাছাই সম্পন্ন করবেন। বাছাই ভেন্যু: প্রত্যেক জেলা স্টেডিয়াম।

| বাছাই কার্যদিবস | বাছাই গ্রুপ | উত্তীর্ণ সংখ্যা |
|---|---|---|
| এক কার্যদিবস (প্রথম দিন) | ষষ্ঠ, সপ্তম শ্রেণি = গ্রুপ এ | (ব্যাটসম্যান ৪০, বোলার ৪০,উইকেট কিপার ৮) মোট ৮৮ জন উত্তীর্ণ হবে |
| দুই কার্যদিবস (দ্বিতীয় দিন) | অষ্টম - দশম শ্রেণি = গ্রুপ বি | (ব্যাটসম্যান ৪০, বোলার ৪০,উইকেট কিপার ৮) মোট ৮৮ জন উত্তীর্ণ হবে |
| তিন কার্যদিবস (তৃতীয় দিন) | একাদশ, দ্বাদশ শ্রেণি = গ্রুপ সি | (ব্যাটসম্যান ৪০, বোলার ৪০,উইকেট কিপার ৮) মোট ৮৮ জন উত্তীর্ণ হবে |

উল্লেখ্য, (ব্যাটিং, বোলিং, উইকেট কিপিং) প্রতিটি ক্ষেত্রে একক দক্ষতার ভিত্তিতে তিনটি গ্রুপ (এ, বি, সি) থেকে মোট ২৬৪ জন উত্তীর্ণ হবে। প্রতিটি গ্রুপে ৮টি ক্রিকেট টিম তৈরির লক্ষ্যে এই বাছাই প্রক্রিয়া সম্পন্ন হবে। জেলা ভিত্তিক মোট ২৪ টি ক্রিকেট টিম তৈরি হবে।

**খ) জেলা লেভেলে উত্তীর্ণদের তালিকা প্রস্তুতকরণ:** জেলা লেভেলে উত্তীর্ণ ২৬৪ জনের তালিকা নিম্নোক্ত (নমুনা) ছক অনুযায়ী প্রস্তুত করবেন।

| ক্রমিক নং | প্লেয়ার আইডি নাম্বার | প্লেয়ারের নাম | প্লেয়ারের গ্রুপ | খেলার ধরণ |
|---|---|---|---|---|
| ১ | ২০২৫-৩৯-০০০০০১ | তামিম ইকবাল | গ্রুপ-এ | ব্যাটসম্যান |
| ৮৯ | ২০২৫-৩৯-০০০৭৫৮ | মুস্তাফিজুর রহমান | গ্রুপ-বি | বোলার |
| ২৬৪ | ২০২৫-৩৯-০০০৮৬২ | মুশফিকুর রহিম | গ্রুপ-সি | উইকেট কিপার |

**গ) জেলা লেভেলে উত্তীর্ণদের তালিকা প্রেরণ:** জেলা লেভেলে উত্তীর্ণদের তালিকা জেলা শিক্ষা অফিসার কর্তৃক স্বাক্ষরিত প্যাডে পিডিএফ ফরমেটে প্রস্তুত করতে হবে। উক্ত পিডিএফ কপি **১৪ মে ২০২৫ খ্রি. বুধবার** তারিখের মধ্যে পরিচালক (সংশ্লিষ্ট অঞ্চল), উপ-পরিচালক (মাধ্যমিক) সংশ্লিষ্ট অঞ্চল অফিসের মেইলে, প্রতিযোগিতা বাস্তবায়নকারী প্রতিষ্ঠানের মেইলে contact.pkcsbd@gmail.com প্রেরণ করতে হবে।

**ঘ) জেলা লেভেলে উত্তীর্ণদের ফলাফল প্রকাশ: ১৫ মে ২০২৫ খ্রি.** বৃহস্পতিবার জেলা লেভেলে উত্তীর্ণদের ফলাফল প্রতিযোগিতার ওয়েবসাইটে প্রকাশিত হবে। ওয়েবসাইট: www.pkcsbdcricket.com

## সংযুক্তি (৩)

### (অঞ্চল লেভেল বাছাই কার্যক্রম) পরিচালক (অঞ্চল) অফিসের করণীয়:

**অঞ্চল বাছাই কমিটি:**

১। আহবায়ক - পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সংশ্লিষ্ট অঞ্চল)

২। সদস্য - জেলা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট সকল)

৩। সদস্য সচিব - উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (মাধ্যমিক), সংশ্লিষ্ট অঞ্চল

বিচারক প্যানেল: (বিচারক প্যানেলের সদস্যগণ আহবায়ক কর্তৃক মনোনীত হবেন)

১। বিচারক-১: ব্যাটিং বিষয়ে দক্ষ একজন সাবেক ক্রিকেটার/অভিজ্ঞ ক্রিকেট কোচ (সংশ্লিষ্ট এলাকার)

২। বিচারক-২: বোলিং বিষয়ে দক্ষ একজন সাবেক ক্রিকেটার/অভিজ্ঞ ক্রিকেট কোচ (সংশ্লিষ্ট এলাকার)

৩। বিচারক-৩: উইকেট কিপিং বিষয়ে দক্ষ একজন সাবেক ক্রিকেটার/অভিজ্ঞ ক্রিকেট কোচ (সংশ্লিষ্ট এলাকার)

**ক) অঞ্চল লেভেল বাছাই:** মাউশির আঞ্চলিক অফিস তাঁর আওতাধীন জেলা শিক্ষা অফিসারদের প্রেরিত জেলা লেভেলে উত্তীর্ণ প্রতিযোগীদের নিয়ে ১৯-২০ মে ২০২৫ খ্রি. তারিখের মধ্যে স্ব-স্ব অঞ্চলে এক কার্যদিবসে বাছাই সম্পন্ন করবেন। বাছাই ভেন্যু: প্রত্যেক অঞ্চলের জেলা/বিভাগীয় স্টেডিয়াম।

| বাছাই গ্রুপ | উত্তীর্ণ সংখ্যা |
|---|---|
| ষষ্ঠ, সপ্তম শ্রেণি = গ্রুপ এ | (ব্যাটসম্যান ৪০, বোলার ৪০,উইকেট কিপার ৮) মোট ৮৮ জন উত্তীর্ণ হবে |
| অষ্টম - দশম শ্রেণি = গ্রুপ বি | (ব্যাটসম্যান ৪০, বোলার ৪০,উইকেট কিপার ৮) মোট ৮৮ জন উত্তীর্ণ হবে |
| একাদশ, দ্বাদশ শ্রেণি = গ্রুপ সি | (ব্যাটসম্যান ৪০, বোলার ৪০,উইকেট কিপার ৮) মোট ৮৮ জন উত্তীর্ণ হবে |

উল্লেখ্য, (ব্যাটিং, বোলিং, উইকেট কিপিং) প্রতিটি ক্ষেত্রে একক দক্ষতার ভিত্তিতে তিনটি গ্রুপ (এ, বি, সি) থেকে মোট ২৬৪ জন উত্তীর্ণ হবে। প্রতিটি গ্রুপে ৮টি ক্রিকেট টিম তৈরির লক্ষ্যে এই বাছাই প্রক্রিয়া সম্পন্ন হবে। অঞ্চল ভিত্তিক মোট ২৪ টি ক্রিকেট টিম তৈরি হবে।

**খ) অঞ্চল লেভেলে উত্তীর্ণদের তালিকা প্রস্তুতকরণ:** অঞ্চল লেভেলে উত্তীর্ণ ২৬৪ জনের তালিকা (নমুনা) ছক অনুযায়ী প্রস্তুত করবেন।

| ক্রমিক নং | প্লেয়ার আইডি নাম্বার | প্লেয়ারের নাম | প্লেয়ারের গ্রুপ | খেলার ধরন |
|---|---|---|---|---|
| ১ | ২০২৫-৩৯-০০০০০১ | তামিম ইকবাল | গ্রুপ-এ | ব্যাটসম্যান |
| ৮৯ | ২০২৫-৩৯-০০০৭৫৮ | মুস্তাফিজুর রহমান | গ্রুপ-বি | বোলার |
| ২৬৪ | ২০২৫-৩৯-০০০৮৬২ | মুশফিকুর রহিম | গ্রুপ-সি | উইকেট কিপার |

**গ) অঞ্চল লেভেলে উত্তীর্ণদের তালিকা প্রেরণ:** অঞ্চল লেভেলে উত্তীর্ণদের তালিকা উপ-পরিচালক (মাধ্যমিক) সংশ্লিষ্ট অঞ্চল কর্তৃক স্বাক্ষরিত পত্রে পিডিএফ ফরমেটে প্রস্তুত করতে হবে। উক্ত পিডিএফ কপি ২০ মে ২০২৫ খ্রি. মঙ্গলবার তারিখের মধ্যে প্রতিযোগিতা বাস্তবায়নকারী প্রতিষ্ঠানের মেইলে contact.pkcsbd@gmail.com প্রেরণ করতে হবে।

**ঘ) অঞ্চল লেভেলে উত্তীর্ণদের ফলাফল প্রকাশ:** ২১ মে ২০২৫ খ্রি. বুধবার অঞ্চল লেভেলে উত্তীর্ণদের ফলাফল প্রতিযোগিতার ওয়েবসাইটে প্রকাশিত হবে। ওয়েবসাইট: www.pkcsbdcricket.com .

### জাতীয় লেভেল বাছাই কার্যক্রম:

**ক) জাতীয় লেভেল বাছাই কার্যক্রম:** ২৭-২৮ মে ২০২৫ খ্রি. তারিখের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের শারীরিক শিক্ষা বিভাগের তত্ত্বাবধানে জাতীয় লেভেলের বাছাই এক কার্যদিবসে সম্পন্ন হবে। বাছাই ভেন্যু: প্রতিযোগির মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

**খ) জাতীয় লেভেলে উত্তীর্ণদের ফলাফল প্রকাশ:** ২৯ মে ২০২৫ খ্রি. বৃহস্পতিবার জাতীয় লেভেলে উত্তীর্ণদের ফলাফল প্রতিযোগিতার ওয়েবসাইটে প্রকাশিত হবে। ওয়েবসাইট: www.pkcsbdcricket.com

**PKCSBD ক্রিকেট ট্যালেন্ট হান্ট-২য় পর্ব '২০২৫ কার্যক্রম সকল পর্যায়ে শারীরিক শিক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর মনিটরিং করবে।**